ঢাকা ওয়াসা

বিষয়ঃ ঢাকা ওয়াসার পাগলা পয়ঃ শোধনাগার বিভাগের জন্য ০১ (এক) টি বায়োমেট্রিক ফিঙ্গার প্রিন্ট (ফেইস) মেশিন ও Accessories ক্রয়ের জন্য অস্থায়ী অগ্রিম অনুমোদন প্রসঙ্গে।

উপরোক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, ঢাকা ওয়াসার ০৮/১২/২০২৪ইং তারিখের ৪৬.১১৩.২০৮.০০.১৩.০০৩.২০২৪-৪২৯৪ স্মারকে প্রকাশিত অফিস আদেশের (সংযুক্তিঃ ১) মাধ্যমে ঢাকা ওয়াসার বিভিন্ন অফিস/ বিভাগ/ জোন/ প্রকল্পে কর্মরত নিয়মিত/ চুক্তিভিত্তিক/ কাজ নাই মজুরী নাই /আউটসোর্সিং ভিত্তিতে নিয়োজিত সকল কর্মকর্তা ও কর্মচারীদের স্ব স্ব কর্মস্থলে সকাল ৯:০০ টার মধ্যে আবিশ্যিক ভাবে হাজিরা প্রদান এবং এর ভিত্তিতে বেতন ও অন্যান্য সুযোগ সুবিধার ব্যবস্থা করার কথা বলা হয়েছে । কিন্তু পাগলা পয়ঃ শোধনাগার বিভাগের বায়োমেট্রিক ডিভাইসটি রক্ষণাবেক্ষণের অভাবে বিকল হয়ে যাওয়ার কারণে চাহিদা মোতাবেক হাজিরা সংগ্রহ করা যাচ্ছেনা ।

পাগলা পয়ঃ শোধনাগার বিভাগে স্থাপিত বায়োমেট্রিক ফিঙ্গার প্রিন্ট (ফেইস) মেশিনটি বর্তমানে অকেজো অবস্থায় আছে। ফলে কর্মচারীদের দৈনিক হাজিরা প্রদানে সমস্যার সৃষ্টি হচ্ছে। পাগলা পয়ঃ শোধনাগার বিভাগ হতে ১টি নতুন বায়োমেট্রিক ফিঙ্গার প্রিন্ট (ফেইস) মেশিন স্থাপনের জন্য সিনিয়র সিস্টেম এনালিস্ট, এমআইএস এন্ড বিলিং ডিপার্টমেন্ট, ঢাকা ওয়াসা বরাবর একটি চিঠি প্রদান করেন (সংযুক্তিঃ ২)। ঢাকা ওয়াসার পাগলা পয়ঃ শোধনাগার বিভাগের জন্য ০১ (এক) টি বায়োমেট্রিক ফিঙ্গার প্রিন্ট (ফেইস) মেশিন ক্রয় করা প্রয়োজন । নতুন বায়োমেট্রিক ডিভাইস ক্রয়ের জন্য বর্তমান বর্তমান বাজার দর যাচাই করা হয়েছে । বর্তমান বাজার দর যাচাইকরত তিনটি প্রতিষ্ঠান হতে কোটেশন (Quotation of BIO-ACCESS TECH CO, Quotation of Ikon Technology & Solution Limited ও Quotation of PICO System LTD) সংগ্রহ করা হয়েছে। তিনটি কোটেশন এর উপর ভিত্তি করে একটি Official Cost Estimate প্রস্তুত করা হয়েছে (সংযুক্তিঃ ৬)।

ক্রমিক নং	সরবরাহকারী প্রতিষ্ঠানের নাম	দর (টাকা)	মন্তব্য
১	BIO-ACCESS TECH CO.	১৭,৯০০/-	১ম সর্বনিম্ন
২	Ikon Technology	১৮,৫০০/-	২য় সর্বনিম্ন
৩	PICO System LTD	১৯,১০০/-	৩য় সর্বনিম্ন

উপরোক্ত সারণী হতে দেখা যায় যে, BIO-ACCESS TECH CO -এর দর সর্বনিম্ন এবং মূল্য ১৭,৯০০/- (সতেরো হাজার নয়শত মাত্র) টাকা।

এমতাবস্থায়, ঢাকা ওয়াসার পাগলা পয়ঃ শোধনাগার বিভাগের জন্য ০১ (এক) টি বায়োমেট্রিক ফিঙ্গার প্রিন্ট (ফেইস) মেশিন ও Accessories ক্রয়ের লক্ষ্যে PPR-2025- **এর বিধি ১০০(১)** অনুসরণপূর্বক **সিনিয়র সিস্টেম এনালিস্ট, এমআইএস এন্ড বিলিং ডিপার্টমেন্ট** -এর অনুকূলে অস্থায়ী অগ্রিম বাবদ ১৭,৯০০/- (সতেরো হাজার নয়শত মাত্র) টাকা ব্যয়ের অনুমোদন প্রদান করা যেতে পারে ।

উক্ত ব্যয় এমআইএস এন্ড বিলিং ডিপার্টমেন্টের "Computer Maintenance" খাত হতে নির্বাহ করা হবে এবং ক্রয় কার্যক্রম সম্পন্ন হওয়ার পর সংশ্লিষ্ট বিল/ভাউচার ও প্রাপ্তিস্বীকারপত্র সহ হিসাব-নিকাশ যথাযথভাবে সম্পন্ন ও সমন্বয় করা হবে।

সদয় অনুমোদনের জন্য নথি উপস্থাপন করা হলো।

Muhtadee 20/08/26
Md. Sakib Muhtadee
Assistant Programmer
MIS & Billing Department
Dhaka WASA

20.08.26
মোঃ আরিফ... জামান
প্রোগ্রামার
এমআইএস এন্ড বিলিং ডিপার্টমেন্ট
ঢাকা ওয়াসা

20.08.2026
SA
প্রকৌঃ অর্পিতা সাহা
সিস্টেম এনালিস্ট
এমআইএস এন্ড বিলিং ডিপার্টমেন্ট
ঢাকা ওয়াসা

23/08/26
SSA
মোঃ ইলিয়াস উদ্দিন মাহমুদ
সিনিয়র সিস্টেম এনালিস্ট
এমআইএস এন্ড বিলিং ডিপার্টমেন্ট
ঢাকা ওয়াসা

DMD (HR & Admin)
এ.কে.এ.এম. ফজলুল হক
উপ-ব্যবস্থাপনা পরিচালক (মানবসম্পদ ও প্রশাসন)
ঢাকা ওয়াসা।

SSA (MIS)

SA
Sakib (AP)
23.08.2026